# Certificate Course in Graphic Design

গ্রাফিক ডিজাইন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

## ভর্তি বিধিমালা

২৭.০৩.২০২২ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট সভায় অনুমোদিত অনিয়মিত একাডেমিক কর্মসূচি (প্রফেশনাল/ এক্সিকিউটিভ মাস্টার্স ও পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা/সার্টিফিকেট কোর্স/ট্রেনিং প্রোগ্রাম) বিধিমালার অধীনে গত ০৭.০৭.২০২৪ তারিখে অনুমোদিত ০৪ মাস মেয়াদী 'Certificate course in Graphic Design (CCGD)' প্রোগ্রাম নীতিমালার আলোকে এই ভর্তি বিধিমালা কার্যকর হবে।

**প্রোগ্রামের নাম :** 'Certificate course in Graphic Design' প্রোগ্রামের সংক্ষিপ্ত রূপ 'CCGD' নামে অভিহিত হবে।

## Certificate Course in Graphic Design প্রোগ্রামের বিষয়সমূহ

প্রথম পর্যায়

a. Graphic Design & Freelancing
b. Motion Graphics & Animation

দ্বিতীয় পর্যায় (চাহিদা বিবেচনাপূর্বক)

c. UI/UX Design
d. Photography
e. Interior & Exterior Design
f. Fashion & Textile Design

উল্লেখ্য, এই সার্টিফিকেট কোর্সের অধীনে উপরোক্ত যেকোনো বিষয়ে চাহিদার বিপরীতে অবকাঠামোগত সুবিধা বিবেচনায় রেখে পর্যায়ক্রমে শুরু হবে।

## Certificate Course in Graphic Design প্রোগ্রামের লক্ষ্য ও উদ্দেশ্য

১. আগ্রহী শিল্পানুরাগীদের গ্রাফিক ডিজাইন বিষয়ে প্রফেশনাল শিক্ষার সুযোগ প্রদান
২. গ্রাফিক ডিজাইনের ক্ষেত্রে পেশাদারি প্রশিক্ষণ এবং দক্ষতা প্রদান করা
৩. যুগোপযোগী ডিজাইন শিক্ষার মাধ্যমে সার্বিক মানবসম্পদ উন্নয়ন
৪. রাষ্ট্রের পাশাপাশি আত্মকর্মসংস্থান সৃষ্টিতে উল্লেখযোগ্য ভূমিকা রাখা
৫. ফ্রিল্যান্সিং/আউটসোর্সিং বা বৈশ্বিক মার্কেটপ্লেসে সংযুক্তকরণ
৬. গ্রাফিক ডিজাইন বিভাগ তথা গ্রাফিক ডিজাইন ক্ষেত্রের সার্বিক উন্নয়ন

'Self-help is the best help' স্লোগানকে সামনে রেখে বাংলাদেশের আর্থসামাজিক প্রেক্ষাপটে প্রাচ্যের অক্সফোর্ড খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্রাফিক ডিজাইন বিভাগের শিক্ষাপদ্ধতির সার্বিক উন্নয়ন এবং সামগ্রিক মানবসম্পদ উন্নয়নে প্রত্যক্ষ ভূমিকা রাখবার অভিপ্রায়ই হচ্ছে স্বল্পমেয়াদী এই প্রোগ্রামের প্রধানতম উদ্দেশ্য।

**ভর্তি যোগ্যতা :**

(ক) সাধারণ শিক্ষার যেকোনো শাখায় ন্যূনতম উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী Certificate Course in Graphic Design প্রোগ্রামে ভর্তির আবেদন করতে পারবেন। এই প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে প্রার্থীর বয়স ও শিক্ষাবর্ষের কোনো বাধ্যবাধকতা থাকবে না।

(খ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের যেকোনো বিভাগে অধ্যয়নরত শিক্ষার্থীগণ প্রোগ্রামে ভর্তির জন্য অগ্রগণ্য বলে বিবেচিত হবেন।

(গ) আগ্রহী শিক্ষার্থীদের অবশ্যই নিজস্ব ডেস্কটপ/ল্যাপটপ কম্পিউটার থাকাটা এই প্রোগ্রামে ভর্তির জন্য বাধ্যতামূলক।

(ঘ) Graphic Design & Freelancing কোর্সে আগ্রহী প্রার্থীদের অবশ্যই কম্পিউটার সম্পর্কে ন্যূনতম জ্ঞান থাকতে হবে।

(ঙ) Graphic Design & Freelancing বিষয় ব্যতীত যেকোনো বিষয়ে আগ্রহী প্রার্থীদের অবশ্যই গ্রাফিক ডিজাইনের বেসিক সফটওয়ারসমূহ (Adobe Photoshop, Adobe Illustrator ) বিষয়ে দক্ষতা থাকতে হবে।

## Graphic Design & Freelancing কোর্সের আসন সংখ্যা

প্রতিটি ব্যাচে আসন সংখ্যা ২৫-৩০টি । তবে অবকাঠামোগত উন্নয়ন এবং চাহিদার ভিত্তিতে ভবিষ্যতে আসন সংখ্যা কম-বেশী হতে পারে।

## Graphic Design & Freelancing কোর্স ফি

প্রাথমিক রেজিস্ট্রেশন ফি ১০০০ টাকা, ভর্তি ফি ১৫০০ টাকা, কোর্স ফি ন্যূনতম এককালীন ৪৫,০০০ টাকা নির্ধারিত (*যথাযথ প্রমাণপত্র উপস্থাপন সাপেক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য কোর্স ফি ৫০% ছাড় পাওয়ার সুযোগ রয়েছে*)।

## কোর্সের সময়কাল ও মূল্যায়ন পদ্ধতি

প্রতিটি সার্টিফিকেট কোর্স প্রোগ্রামের সময়কাল ০৪ মাস (৫০টি ক্লাস, প্রতিটি ক্লাস ২.৫ ঘন্টা)। বিকাল ৩.০০টা-৫.৩০টা ও সন্ধা ৬.০০টা-৮.৩০টা এই দুই ভাগে শ্রেণিকার্যক্রম অনুষ্ঠিত হবে। আগ্রহী শিক্ষার্থীরা ভর্তি রেজিস্ট্রেশনের সময় তাদের সুবিধাজনক সময় নির্ধারণ করবেন। তবে কোর্সভেদে প্রোগ্রাম কো-অর্ডিনেশন কমিটির সময়োপযোগী সিদ্ধান্ত সাপেক্ষে সময় কাল পরিবর্তিত হতে পারে। প্রতিটি কোর্সের পরিসমাপ্তি হবে প্রকৃত মূল্যায়নের ভিত্তিতে (শ্রেণী উপস্থিতি + সৃজনশীলতা + দক্ষতা + হোমওয়ার্ক + ইনকোর্স + চূড়ান্ত পরীক্ষা)। প্রতিটি সার্টিফিকেট কোর্স শেষে প্রতি শিক্ষার্থীকে নম্বরপত্রী এবং উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে সার্টিফিকেট প্রদান করা হবে। চূড়ান্ত ফলাফল লেটার গ্রেডের ভিত্তিতে প্রকাশিত হবে।

Letter Grade নিচের মান অনুযায়ী হবে-

| Mark Range | Letter Grade | Interpretation |
|---|---|---|
| 80+ | A+ | Outstanding |
| 75-79 | A | Excellent |
| 70-74 | A- | Very Good |
| 65-69 | B+ | Good |
| 60-64 | B | Average |
| 55-59 | B- | Below Average |
| 50-54 | C+ | Fair |
| 45-49 | C | Poor |
| 40-44 | D | Minimum Pass |
| Below 40 | F | Fail |

## Certificate অর্জনের শর্তসমূহ

ক) সার্টিফিকেট অর্জনের জন্য ন্যূনতম আবশ্যিক লেটার গ্রেড ‘ B-’ (Below Average)
খ) উপস্থিতি ৬০ শতাংশের কম হলে সার্টিফিকেট প্রাপ্ত হবে না
গ) গ্রাফিক ডিজাইন বিভাগ/চারুকলা অনুষদ তথা ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিয়ম পরিপন্থি কোন কার্যক্রমে অংশগ্রহণ করলে কিংবা কোন কারণে দোষী সাব্যস্ত হলে সার্টিফিকেট প্রাপ্ত হবে না
ঘ) কোর্স চলাকালীন সময়ে সমাজ বিরোধী কর্মকান্ডে অংশগ্রহণ করলে সার্টিফিকেট প্রাপ্ত হবে না

### ভর্তি আবেদনের প্রক্রিয়া এবং প্রয়োজনীয় কাগজপত্র ও শর্তাবলী

#### ধাপ ১. প্রাথমিক রেজিস্ট্রেশন

আগ্রহী প্রার্থীদের ভর্তির আবেদনপত্র প্রদত্ত লিংকে (http://graphicdesigndu.com/course/ccgd, https://www.du.ac.bd/webPost/67/22631) প্রবেশ করে পূরণ করতে হবে অথবা প্রয়োজনীয় কাগজপত্রসহ বিভাগীয় অফিসে সরাসরি নির্ধারিত ভর্তি ফরম পূরণের মাধ্যমে প্রাথমিক ভর্তি রেজিস্ট্রেশন করা যাবে।

**নোট: প্রাথমিক রেজিস্ট্রেশনের পর, আগ্রহী প্রার্থীগণ একটি প্রাথমিক বাস্কেট/পুলে যুক্ত হবেন। পর্যায়ক্রমে সকলকেই এই বাস্কেট/পুলে থেকে সাক্ষাতকার গ্রহণ শেষে চূড়ান্ত ভর্তির জন্য মনোনীত করা হবে।**

ক) উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার সনদ অথবা সর্বশেষ অর্জিত ডিগ্রি সনদের অনুলিপি (অনলাইনের ক্ষেত্রে ছবি/স্ক্যান কপি)
খ) ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি (অনলাইনের ক্ষেত্রে 300 X 300 Pixel, সর্বোচ্চ ফাইল সাইজ 200 KB )
গ) অনলাইনে ফরম পূরণের জন্য স্বাক্ষরের ছবি/স্ক্যান কপি, 300 X 80 Pixel, সর্বোচ্চ ফাইল সাইজ 100 KB
ঘ) নিজ/অভিবাবকের স্বাক্ষরিত নিজস্ব ডেক্সটপ/ল্যাপটপ কম্পিউটার আছে মর্মে ঘোষণা পত্র

#### ধাপ ২. চূড়ান্ত ভর্তি

আগ্রহী প্রার্থীদের প্রাথমিক বাস্কেট/পুল থেকে সাক্ষাতকার গ্রহণের জন্য প্রাথমিক রেজিস্ট্রেশনের ধারাবাহিকতা রক্ষা করে পর্যায়ক্রমে সকলকেই ডাকা হবে। সাক্ষাতকার শেষে চূড়ান্ত ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে।

সার্বিক যোগাযোগ : ০১৭৭৭৫৩৩০০৭, ০১৭৮৪২৫১৯৮৬

১. ভর্তি রেজিস্ট্রেশনের তারিখ- বিজ্ঞাপন প্রকাশের দিন থেকে চলমান থাকবে (রেজিস্ট্রেশনকৃত আগ্রহী প্রার্থীদের মধ্য থেকে পর্যায়ক্রমে পছন্দের সময় অনুযায়ী ব্যাচ ভিত্তিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে)।

মো: ইসরাফিল প্রাং
প্রোগ্রাম কোঅর্ডিনেটর
সার্টিফিকেট কোর্স ইন গ্রাফিক ডিজাইন
ও
সহযোগী অধ্যাপক
গ্রাফিক ডিজাইন বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়
Israfil.ratan@du.ac.bd